

পদ্মার এপারের বিদ্যুৎ

# ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

(An Enterprise of Bangladesh Power Development Board)

চতুর্থ বর্ষ | ১৪তম সংখ্যা | জানুয়ারী-মার্চ ২০২১

## ওজোপাডিকো'র নতুন চেয়ারম্যান-এর দায়িত্ব গ্রহণ



*ওজোপাডিকো'র নতুন চেয়ারম্যান হিসাবে নিযুক্ত বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব সেলিম আবেদকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালকসহ বোর্ডের অন্যান্য সদস্যগণ।*

ওজোপাডিকো'র নতুন চেয়ারম্যান হিসাবে দায়িত্ব গ্রহণ করেছেন বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সমন্বয়) সেলিম আবেদ। তিনি গত ২৩ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ তারিখে ওজোপাডিকো'র প্রথম বোর্ড সভায় যোগদান করেন। ওজোপাডিকো'র নতুন চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হওয়ায় তাকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিনসহ বোর্ডের অন্যান্য সদস্যগণ। এসময়ে আরও উপস্থিত ছিলেন মোহাম্মাদ মফিজুর রহমান, পরিচালক, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো ও যুগ্মসচিব (সমন্বয়-১), বিদ্যুৎ বিভাগ, আশুতোষ রায়, পরিচালক, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো ও সদস্য

*বাকী অংশ ২য় পাতায়*

## ওজোপাডিকো হাইস্কুলে পাঠ্যপুস্তক বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন

করোনা পরিস্থিতির মধ্যেও যথাসময়ে প্রায় সাড়ে চার কোটি শিক্ষার্থীর হাতে বিনা মূল্যে নতুন বই তুলে দিয়েছে সরকার। গত ৩১ ডিসেম্বর'২০২০ গণভবন থেকে ভার্চুয়ালি এক অনুষ্ঠানে বই বিতরণের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। স্বাস্থ্যবিধি মেনে সেদিনেই রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র মিলনায়তনে মন্ত্রী ও সচিবদের উপস্থিতিতে কয়েকজন প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীর হাতে বই তুলে দিয়ে বই বিতরণ অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষনা করেন মাননীয় প্রধানমন্ত্রী।

তবে শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি ও নিরাপত্তার কথা ভেবে এবার একই দিনে সব শিক্ষার্থীর হাতে বই তুলে না দিয়ে এবছরে ১লা জানুয়ারি থেকে ১২ই জানুয়ারি পর্যন্ত মোট ১২ দিন ব্যাপী সারাদেশে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের নতুন বই বিতরণ উৎসব পালন করা হয়।

এরই অংশ হিসাবে নতুন বছরের প্রথম দিনেই খুলনাস্থ ওজোপাডিকো হাই স্কুলের শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ উৎসবের উদ্বোধন অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান




*ওজোপাডিকো হাই স্কুল- এর শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন*

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। তিনি স্কুলের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে উক্ত বই বিতরণ উৎসবের উদ্বোধন করেন। মুজিববর্ষ উপলক্ষে

*বাকী অংশ ৪র্থ পাতায়*

# "ডিজাস্টার রিকোভারি সেন্টার" নির্মাণ কাজের চুক্তি সম্পন্ন



*ওজোপাডিকো ও আইডিয়াল ইলেক্ট্রিক্যাল এন্টারপ্রাইজ লিমিটেডের মধ্যে "ডিজাস্টার রিকোভারি সেন্টার" নির্মাণ কাজের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের একাংশ*

গত ১২ জানুয়ারি ২০২১ তারিখে ওজোপাডিকো'র সভাকক্ষে ওজোপাডিকো ও আইডিয়াল ইলেক্ট্রিক্যাল এন্টারপ্রাইজের মধ্যে "ডিজাস্টার রিকোভারি সেন্টার" নির্মাণ কাজের চুক্তি স্বাক্ষরিত হয়। ওজোপাডিকো'র আওতাধীন পওস সার্কেল, ওজোপাডিকো, যশোর-এ ডিজাস্টার রিকোভারি সেন্টারটি নির্মিত হবে। চুক্তিটিতে স্বাক্ষর করেন ওজোপাডিকো'র স্মার্ট প্রি-পেমেন্ট মিটারিং প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকৌঃ মোঃ শহিদুল আলম ও আইডিয়াল ইলেক্ট্রিক্যাল এন্টারপ্রাইজের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবুর রহমান। উক্ত ডিজাস্টার রিকোভারি সেন্টারটি নির্মিত হলে ওজোপাডিকো'র আওতাধীন এলাকায় প্রি-পেমেন্ট মিটার সংক্রান্ত গ্রাহকের সকল তথ্যের একটি ব্যাকআপ সেন্টার সৃষ্টি হবে। ফলে যে কোন প্রাকৃতিক দূর্যোগ ও অনাকাঙ্খিত দূর্ঘটনা জনিত কারণে খুলনাস্থ ডিজাস্টার রিকোভারি সেন্টারটি নষ্ট হয়ে গেলেও দ্রুত সময়ে প্রি-পেমেন্ট মিটার সিস্টেমটি সচল করা সম্ভব হবে। এছাড়াও উক্ত সিস্টেমটি স্থাপনের ফলে গ্রাহকের মিটার ভেন্ডিং স্পিড বৃদ্ধি, তথ্যের নিরাপত্তা নিশ্চিতসহ গ্রাহক সেবারমান বৃদ্ধি পাবে।

# 'জুম' এর মাধ্যমে ভার্চুয়াল গণশুনানি অনুষ্ঠিত

গত ১১ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ওজোপাডিকো কর্তৃক আয়োজিত ভার্চুয়াল গণশুনানিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মোছাঃ মাকসুদা খাতুন, বিশেষ অথিতি হিসেবে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (সুশাসন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা) আবুল খায়ের মোঃ আমিনুর রহমান ও সভাপতি হিসাবে ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন। উক্ত গণশুনানিতে আরও উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র আওতাধীন এলাকাসমূহের বিভিন্ন স্তরের গ্রাহক ও প্রিন্ট মিডিয়া কর্মীর সদস্যগণ এবং সেবা সংশ্লিষ্ট ওজোপাডিকো'র বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ। ভার্চুয়াল এই গণশুনানিতে গ্রাহকগণের নিকট হতে বিদ্যুৎ সেবার মান, বিদ্যুৎ সেবার বিভিন্ন সমস্যা ও সমাধান সম্পর্কে আলোচনা হয়। যার মাধ্যমে গ্রাহক সেবা প্রদানে ওজোপাডিকো অগ্রণী ভূমিকা পালন করবে।



*জুম এ্যাপের মাধ্যমে ভার্চুয়াল গণশুনানিতে উপস্থিত বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মোছাঃ মাকসুদা খাতুন, ওজোপাডিকো'র বিভিন্ন স্তরের কর্মকর্তা ও গ্রাহকগণ*

## ওজোপাডিকো'র নতুন চেয়ারম্যান *১ম পাতার পর*

(পিএন্ডডি), বিউবো, মোঃ শামছুল আলম পরিচালক, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো ও সদস্য (বিতরণ), বিউবো, শাহ্ মোহাম্মদ আশরাফুল হক জর্জ, পরিচালক, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো ও এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, মোঃ মামুনুর রশিদ এফসিএমএ, পরিচালক, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো ও সহ-সভাপতি, আইসিএমএবি, মোহাম্মদ আবুল কালাম, পরিচালক, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো। এছাড়াও ওজোপাডিকো'র রতন কুমার দেবনাথ এফসিএমএ, নির্বাহী পরিচালক (অর্থ), প্রকৌঃ মোঃ আবু হাসান, নির্বাহী পরিচালক (প্রকৌশল), প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়ন, চলমান প্রকল্পের প্রকল্প পরিচালকগণ ও অন্যান্য কর্মকর্তাগণ।

## ওজোপাডিকো'র সাথে বিকাশ-এর চুক্তি স্বাক্ষর




*ওজোপাডিকো ও বিকাশ এর মধ্যে মোবাইলের মাধ্যমে গ্রাহকের প্রিপেইড মিটার ভেন্ডিং সেবা প্রদান সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের একাংশ*

গত ৩ মার্চ, ২০২১ তারিখে খুলনাস্থ হোটেল ক্যাসেল সালামে ওজোপাডিকো'র সাথে মোবাইলের মাধ্যমে টাকা লেনদেনকারী প্রতিষ্ঠান বিকাশ- এর ওজোপাডিকো'র প্রিপেইড সেবার আওতাধীন গ্রাহকদের বিদ্যুৎ বিলের টাকা রিচার্জ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন। চুক্তিটিতে স্বাক্ষর করেন ওজোপাডিকো'র কোম্পানি সচিব আব্দুর মোতালেব, এফসিএমএ ও বিকাশের পক্ষে চিফ কমার্শিয়াল অফিসার মিজানুর রশিদ। উক্ত চুক্তির ফলে এখন থেকে ওজোপাডিকো'র প্রি পেমেন্ট মিটারের সেবার আওতাধীন গ্রাহকগণ বিকাশের মাধ্যমে ২৪ ঘণ্টার যে কোনো সময়ে বিকাশ এ্যাপস্ ও ইউএসএসডি মাধ্যমে প্রি-পেইড মিটারে টাকা রিচার্জ করতে পারবেন।

## যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত



*আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে কেক কেটে আলোচনা সভার শুভ উদ্বোধন করেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন*

'করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব'-এ প্রতিপাদ্যকে সামনে রেখে গত ০৮ মার্চ, ২০২১ তারিখে দেশের বিভিন্ন স্থানে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে সরকারি-বেসরকারি পর্যায়ে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, শোভাযাত্রাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এরই অংশ হিসাবে ওজোপাডিকো'র সদর দপ্তরের সভাকক্ষে "নেতৃত্বে নারী" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন খুলনা জেলা দায়রা জজ আদালতের জজ মোঃ আব্দুলাহ আল মামুন। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট এর নির্বাহী প্রকৌশলী মোছাঃ শাহিন আক্তার পারভীন। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ওজোপাডিকোতে কর্মরত খুলনাস্থ নারী কর্মকর্তা-কর্মচারীসহ ওজোপাডিকো সদর দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ। নারী দিবস উপলক্ষে কেক কেটে উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। আলোচনা সভায় অতিথিরা তাঁদের বক্তব্যে নারীদের জাগরণ, কর্মক্ষেত্রে নারীদের পদচারণা ও সুযোগ সৃষ্টির পাশাপাশি নেতৃত্ব দানের বিষয়ে আলোকপাত করেন।

*প্রথম পাতার পর*

## ওজোপাডিকো হাইস্কুলে পাঠ্যপুস্তক

এবার বইয়ের প্রচ্ছদে নতুনত্ব আনা হয়েছে। পাঠ্যপুস্তকের পেছনের মলাটে বঙ্গবন্ধু, স্বাধীনতা, মহান মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলনসহ বর্তমান সরকারের নানা উন্নয়নমূলক কর্মকাণ্ডের বিভিন্ন স্থিরচিত্র ক্যাপশনসহ সংযোজন করা হয়েছে। শিক্ষার্থীরাও বছরের প্রথম দিন নতুন ও ঝকঝকে বই হাতে পেয়ে আনন্দে উদ্বেলিত। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র প্রধান প্রকৌশলীগণ, কোম্পানী সচিব, ওজোপাডিকো হাইস্কুলের শিক্ষক-শিক্ষিকাসহ শিক্ষার্থীদের অভিভাবকগণ।



*নতুন বই হাতে উচ্ছ্বসিত ওজোপাডিকো হাই স্কুলের শিক্ষার্থীদের কিছু অংশ*

## ঝিনাইদহ ক্যাম্পাস, সাধুহাটি, চন্দনীমহল ও চাঁদমারি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের কমিশনিং সম্পন্ন



*ওজোপাডিকো'র আওতাধীন চারটি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের কমিশনিং কাজ সম্পন্ন*

ওজোপাডিকো'র চলমান বিদ্যুৎ ব্যবস্থার শক্তিশালীকরণ প্রকল্পের আওতাধীন ঝিনাইদহ, সাধুহাটি ও চন্দনীমহল তিনটি ও বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও আপগ্রেডেশন প্রকল্পের আওতাধীন একটি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে। গত ০৯ই জানুয়ারি'২০২১, ০১লা ফেব্রুয়ারি' ২০২১, ২২শে ফেব্রুয়ারি' ২০২১, ১০ই ফেব্রুয়ারি'২০২১ তারিখে যথাক্রমে ঝিনাইদহ ক্যাম্পাস ৩৩/১১কেভি উপকেন্দ্র, সাধুহাটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র, চন্দনীমহল ৩৩/১১ কেভি উপকেন্দ্র ও চাঁদমারি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে। এই সকল উপকেন্দ্রের মাধ্যমে প্রায় ৮০ এমভিএ ক্ষমতা বৃদ্ধি পাবে এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ গ্রাহকদের লো ভোল্টেজ সমস্যার সমাধান হবে। উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে গ্রাহকদের নতুন সংযোগ প্রদানের সুযোগ সৃষ্টি হবে, একইসাথে আধুনিকায়নের কারণে গ্রাহকগণ উন্নত গ্রাহকসেবা পাবেন।

## উন্নয়ন মেলা ২০২১ ওজোপাডিকো'র অর্জন



"বাংলাদেশের এক অনন্য অর্জন
স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ"

স্লোগানকে সামনে রেখে উন্নয়নশীল বাংলাদেশ এর মর্যাদা অর্জন উপলক্ষে খুলনাসহ দেশের সকল জেলায় গত ২৭ মার্চ ২০২১ ইং হতে ২৮ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত দুই দিনব্যাপী দেশের উন্নয়ন কার্যক্রম প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়। উক্ত মেলায় বর্তমান সরকারের বিগত ১২ বছরের বিভিন্ন সেক্টরের উন্নয়ন কার্যক্রম প্রদর্শন করা হয়। জেলার অন্যান্য দপ্তরের সাথে ওজোপাডিকো'র আওতাধীন পদ্মার এপারের ২১ জেলার দপ্তরসমূহে বিদ্যুৎ সেবা উন্নয়নের সকল কার্যক্রম তুলে ধরা হয়। মেলায় অংশগ্রহণকারী দপ্তরের মধ্যে ওজোপাডিকো'র খুলনা ও চুয়াডাঙ্গা দপ্তর দ্বিতীয় স্থান, কুষ্টিয়া, ঝালকাঠি ও কাঠালিয়া দপ্তর তৃতীয় স্থান অর্জন করে। এছাড়াও ওজোপাডিকো'র ভাঙ্গা বিদ্যুৎ সরবরাহ ও সদরপুর বিদ্যুৎ সরবরাহ প্রথম স্থান অর্জন করে।

৭ম পাতার পর

## যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস



*শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত ভার্চুয়াল আলোচনা সভায় সংযুক্ত ওজোপাডিকো'র কর্মকর্তাগণ*

ওজোপাডিকো'র আওতাধীন বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ অনলাইন প্লাটফর্ম জুম এ্যাপের মাধ্যমে উক্ত আলোচনা সভায় সংযুক্ত ছিলেন। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি সালাম, রফিক, শফিক, জব্বারসহ নাম না-জানা সকল ভাষা শহিদদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং বাংলা ভাষার মর্যাদা ইতিহাস তুলে ধরাসহ নানান দিক নির্দেশনা প্রদান করেন । আলোচনা অনুষ্ঠানের শেষ পর্যায়ে শহিদদের স্মরণে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

## মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন



*মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ওজোপাডিকো'র পক্ষ থেকে গল্লামারি শহিদ স্মৃতি সৌধে শহিদদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন*

৫০তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ উপলক্ষে নানা আয়োজনে যথাযথ মর্যাদায় ভাব গাম্ভীর্যের সাথে ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড পালন করে। খুলনাস্থ বিক্রয় ও বিতরণ বিভাগ-১, শেখপাড়া হতে ৫০টি জাতীয় পতাকা হাতে নিয়ে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে গল্লামারি শহিদ স্মৃতিসৌধে শহিদদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ওজোপাডিকোসহ সকল রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠান। র‍্যালিতে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। র‍্যালি পূর্ব সংক্ষিপ্ত সমাবেশে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও স্বাধীনতা যুদ্ধের বীর মুক্তিযোদ্ধাসহ সকল শহিদদের আত্মত্যাগের কথা শ্রদ্ধাভরে স্মরণ করেন। এরপর সকাল ১০.০০ টায় ওজোপাডিকো সদর দপ্তরের সভাকক্ষে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন। উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন রতন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক (অর্থ), এফসিএমএ, প্রকৌঃ মোঃ আবু হাসান, ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল), কোম্পানি সচিব, উপ-মহাব্যবস্থাপক (অর্থ), উপ-মহাব্যবস্থাপক (হিসাব), প্রকল্প পরিচালকগণ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও উন্নয়ন), খুলনাস্থ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ। এছাড়াও উক্ত আলোচনা সভায় জুম-অ্যাপের মাধ্যমে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন ওজোপাডিকো'র আওতাধীন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণসহ অন্যান্য কর্মকর্তাগণ। আলোচনা সভার সভাপতিত্ব করেন প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী, এনার্জি সিস্টেম কন্ট্রোল এন্ড সার্ভিসেস। আলোচনা সভায় প্রধানবক্তাসহ অন্যান্য বক্তারা বাংলাদেশের স্বাধীনতার সূত্রপাত, মহান মুক্তিযুদ্ধে, স্বাধীনতা অর্জনে জাতির পিতার অবদান, সকল মুক্তিযোদ্ধা ও শহিদদের আত্মত্যাগসহ তাঁদের ত্যাগ-তিতীক্ষার কথা তুলে ধরেন। পরিশেষে প্রধানবক্তা তার বক্তব্যে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান।

## শোক-বার্তা



বোরহানউদ্দিন বিদ্যুৎ সরবরাহ, ওজোপাডিকো, বোরহানউদ্দিন দপ্তরে কর্মরত লাইনম্যান-ডি মোহাম্মদ আলী গত ১০/০২/২০২১ খ্রিঃ তারিখে শারীরিক অসুস্থতাজনিত কারণে ঢাকাস্থ শহিদ সোহরাওয়ার্দি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর। ওজোপাডিকো তাঁর পরিবার বর্গের প্রতি গভীর শোক প্রকাশসহ মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।



বরগুনা বিদ্যুৎ সরবরাহ, ওজোপাডিকো, বরগুনা দপ্তরের এসবিএ-এ সৈয়দ সুলতান মাহমুদ ফারুকী গত ১১/০২/২০২১ খ্রিঃ তারিখে শারীরিক অসুস্থতাজনিত কারণে বরগুনা জেলা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর। ওজোপাডিকো তাঁর পরিবার বর্গের প্রতি গভীর শোক প্রকাশসহ মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে।

# বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপিত



*বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্ম বার্ষিকী পালন উপলক্ষে ওজোপাডিকোর পক্ষ থেকে বাংলাদেশ বেতারের খুলনা কেন্দ্রে বাঙালি জাতির পিতার ম্যুরালে পুষ্পার্ঘ্য অর্পণ*

গত ১৭ মার্চ ২০২১ খ্রিঃ তারিখে বাঙালি জাতির পিতা বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্ম বার্ষিকী পালন করা হয়। এতে ওজোপাডিকোর পক্ষ থেকে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিনের নেতৃত্বে কোভিড-১৯ এর কারণে সীমিত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী নিয়ে স্থানীয় খুলনাতে বাংলাদেশ বেতারের খুলনা কেন্দ্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

বিকালে ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। খুলনাস্থ কর্মকর্তা-কর্মচারীগণ এর ও তাদের পরিবারের শিশু সন্তানদের উপস্থিতিতে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে আতশ বাজি ফুটিয়ে, কেক কাটার মাধ্যমে উক্ত অনুষ্ঠান শুরু হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ এবং ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ আবু হাসান। সভায় সভাপতিত্ব করেন প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী (ইএসসিএস)। এছাড়াও উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র চলমান প্রকল্প সমূহের প্রকল্প পরিচালকগণ, ট্রেনিং ইনস্টিটিউট এর নির্বাহী প্রকৌশলীসহ বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ। আলোচনা সভায় অংশ গ্রহণ করেন বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ ওজোপাডিকো ইউনিটের সভাপতি প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান, সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ রকিব উদ্দিন প্রমুখ। আলোচনা সভায় প্রধান অতিথিসহ অন্যান্য বক্তাগণ বঙ্গবন্ধুর জীবনী, সংগ্রামী রাজনৈতিক জীবন স্বাধীন বাংলাদেশ গঠনে তার অবদানসহ অন্যান্য বিষয়ে নানামুখী আলোচনা করেন। বঙ্গবন্ধুর জীবন থেকে শিক্ষা নিয়ে সোনার বাংলা নির্মাণে বিদ্যুৎ খাতের অবদান এর বিষয়ে ওজোপাডিকোর ভূমিকা নিয়েও বক্তাগণ আলোচনা করেন। বিশেষ করে সরকারের নির্ধারিত মুজিব বর্ষে "শতভাগ বিদ্যুতায়ন" কর্মসূচি বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। প্রধান অতিথি সকল কর্মকর্তা-কর্মচারীগনকে যার যার জায়গা থেকে দায়িত্ব পালনের মাধ্যমে দেশপ্রেমের শপথে বলীয়ান হয়ে কাজ করে যাওয়ার আহ্বান জানান। পরিশেষে তিনি বঙ্গবন্ধুর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।




*ওজোপাডিকো'র কর্মকর্তা-কর্মচারী ও তাদের শিশু সন্তানদের নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্ম বার্ষিকী উদযাপনে কেক কাটছেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন*

## ওজোপাডিকো'র সহিত "মেক পাওয়ার ইঞ্জিনিয়ারিং" এর চুক্তি সম্পন্ন



*ওজোপাডিকো'র কনফারেন্স রুমে ওজোপাডিকো ও মেক পাওয়ার ইঞ্জিনিয়ারিং এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের একাংশ*

গত ২০শে জানুয়ারী, ২০২১ খ্রিঃ তারিখে ওজোপাডিকো সদর দপ্তরের কনফারেন্স রুমে ওজোপাডিকো'র সহিত 'মেক পাওয়ার ইঞ্জিনিয়ারিং' এর "Supply, Delivery, Installation, Testing & Commissioning of 209 Set Fault Passage Indicator (FPI) with DCU in WZPDCL Area for 60 Nos. 33 KV feeders & integration with existing fault Indication System Software (SCADA) installed in WZPDCL, HQ, Khulna server room" শীর্ষক প্রকল্পের চুক্তি সম্পন্ন হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ আবু হাসান। উক্ত চুক্তিতে ওজোপাডিকো'র পক্ষে স্বাক্ষর করেন প্রকৌঃ মোঃ আবু হাসান, প্রধান প্রকৌশলী, ও এন্ড এম, এস এন্ড ডি এবং মেক পাওয়ার ইঞ্জিনিয়ারিং এর পক্ষে স্বাক্ষর করেন প্রকৌঃ মোঃ মামুনুর রশীদ। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী, এনার্জি সিস্টেম কন্ট্রোল এন্ড সার্ভিসেস। এই প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ওজোপাডিকো'র আওতাধীন বিতরণ লাইনের দ্রুত সময়ে ফল্ট ফাইন্ডিং ব্যবস্থা চালু হবে। Fault Passage Iindicator (FPI) এর মাধ্যমে খুব দ্রুতই লাইনে সংঘটিত ফল্টের (ত্রুটি) অবস্থান নির্ণয় করা সম্ভব হবে ফলে, অল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দ্রুতই লাইনের ত্রুটি মুক্ত করে (ফল্ট রিমুভ) লাইন চালু করা সম্ভব হবে। যার দরুণ গ্রাহকের ভোগান্তি অনেকাংশেই কমে যাওয়াসহ ওজোপাডিকো'র রাজস্ব বৃদ্ধি পাবে এবং মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে।

## যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে খুলনা ওজোপাডিকোর বিক্রয় ও বিতরণ বিভাগ-১, শেখপাড়া এর অফিস চত্বর হতে সকাল ৭:৩০ ঘটিকায় প্রভাতফেরীর যাত্রা শুরু করে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনে শহিদ হাদিস পার্ক শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পন করে।

এসময়ে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন ও নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ। প্রভাতফেরীর সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ আবু হাসান। এছাড়াও ওজোপাডিকো উচ্চ বিদ্যালয়ে সীমিত পরিসরে এক প্রভাতফেরী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ওজোপাডিকো সদর দপ্তরের সভাকক্ষে প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী, ইএস সি এন্ড এস এর সভাপতিত্বে এক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত ভার্চুয়াল আলোচনা সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন। এছাড়াও উপস্থিত ছিলেন ওজোপাডিকো সদর দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ।



*শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনে শহিদ হাদিস পার্ক শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পন করছেন ওজোপাডিকো'র কর্মকর্তা কর্মচারীগণ।*

*বাকী অংশ ৫ম পাতায়*

## ২৪ ঘন্টা গ্রাহক সেবায় ওজোপাডিকো'র কল সেন্টার

**সম্মানিত গ্রাহকবৃন্দ বিদ্যুতের যেকোন অভিযোগ ও তথ্য অনুসন্ধানের জন্য কল করুন**



# ১৬১১৭

*"অবিরাম বিদ্যুৎ সেবায় নিয়োজিত"*

**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**

## করোনা সচেতনতায় যা করণীয়ঃ




**হাত ধোয়া**

সাবান, গরম পানি বা স্যানিটাইজার দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধুতে হবে।




**চোখ-মুখ ছোঁয়া যাবে না**

হাত না ধুয়ে চোখ, মুখ বা নাকে হাত দেওয়া যাবে না।





**হাঁচি-কাশিতে সতর্কতা**

হাঁচি বা কাশির সময় টিস্যু ব্যবহার করতে হবে। টিস্যু না থাকলে বাহুর ওপরের অংশ দিয়ে নাক-মুখ আড়াল করতে হবে।




**সংস্পর্শ এড়ানো**

অসুস্থ ব্যক্তির খুব কাছে না যাওয়া এবং একান্ত প্রয়োজন ছাড়া জনসমাগমস্থল এড়িয়ে চলতে হবে।



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-২৪৪-১১১৫৭৪, +৮৮০-২৪৪-১১১৫৭৫, +৮৮০-২৪৪-১১১৫৭৬, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com, web: www.wzpdcl.org.bd

মু: গ্লোরি, খুলনা ☏০১৭১১ ২৯ ৬৬ ১৯